বঙ্গবন্ধুর দর্শন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
বাজেট শাখা-০২
www.rdcd.gov.bd

স্মারক নং- ৪৭.০০.০০০০.০৩৬.২০.০০১.২১-২৮

তারিখঃ ০২ ফাল্গুন ১৪২৭ / ১৫ ফেব্রুয়ারি ২০২১

বিষয়ঃ **পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার মধ্যমেয়াদী বাজেট কাঠামো হালনাগাকরণের** নিমিত্ত গত ১১.০২.২০২১ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী।

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার মধ্যমেয়াদী বাজেট কাঠামো হালনাগাকরণের নিমিত্ত গত ১১.০২.২০২১ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় বাজেট ব্যবস্থাপনা কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এ সংগে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে।

15.02.2021
(নূরুন নাহার)
উপসচিব
ফোনঃ ৯৫৫৫০১৩

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

০১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ সিনিয়র সহকারী সচিব, বাজেট শাখা-১২)।
০২। বিভাগ প্রধান, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা {দৃ: আ: উপ-প্রধান (পল্লী প্রতিষ্ঠান উইং)}।
০৩। মহাপরিচালক(গ্রেড-১), বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, পল্লী ভবন, ৫, কাওরান বাজার, ঢাকা।
০৪। প্রকল্প পরিচালক, আমার বাড়ি আমার খামার প্রকল্প, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২, পুরাতন এলিফেন্ট রোড, ঢাকা।
০৫। নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৬। অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট/পরিকল্পনা ও উন্নয়ন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লা।
০৮। মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া।
০৯। মহাপরিচালক, বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমী (বাপার্ড), কোটালীপাড়া, গোপালগঞ্জ।
১০। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিঃ, তেজগাঁও, ঢাকা।
১১। ব্যবস্থাপনা পরিচালক, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, বাড়ি নং-০৫, এভিনিউ-০৩, রুপনগর, মিরপুর-২, ঢাকা।
১২। ব্যবস্থাপনা পরিচালক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন, পল্লী ভবন, ৫, কাওরান বাজার, ঢাকা।
১৩। প্রকল্প পরিচালক, সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি-৩য় পর্যায়, সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা।
১৪। যুগ্মসচিব (প্রশাসন)/(পরিকল্পনা), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। উপ-সচিব (প্রশাসন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭। সিস্টেম এনালিস্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)**।
১৮। সহকারী সচিব/সিনিয়র সহকারী সচিব, বাজেট শাখা-১/পরিকল্পনা ও উন্নয়ন শাখা-১, এ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
২০। হিসাবরক্ষণ কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১। নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় পল্লী উন্নয়ন ও সমবায় ফেডারেশন, ২২ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
বাজেট শাখা-২

বিষয়ঃ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার ২০২১-২২ হতে ২০২৩-২৪ অর্থ বছরের বাজেট কাঠামো হালনাগাদকরণের নিমিত্ত ১১.০২.২০২১ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী।

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার ২০২১-২২ হতে ২০২৩-২৪ অর্থ বছরের বাজেট কাঠামো হালনাগাদকরণ লক্ষ্যে ১১.০২.২০২১ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় বাজেট ব্যবস্থাপনা কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। অনলাইন প্ল্যাটফর্মে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব জনাব মোঃ রেজাউল আহসান। সভায় উপস্থিত/অনলাইন প্ল্যাটফর্মে সংযুক্ত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট-ক সদয় দ্রষ্টব্য।

২.০ সভাপতি সভায় উপস্থিত এবং ভার্চুয়াল প্ল্যাটফর্মে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে তিনি সভাটি সঞ্চালনা করার জন্য এ বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট) কে নির্দেশনা প্রদান করেন। অতঃপর এ বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট) সভার বিষয়বস্তু উপস্থাপনের জন্য উপসচিব(বাজেট)কে অনুরোধ জানান। এ বিভাগের উপসচিব(বাজেট) সভায় বলেন যে, মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানের মধ্যমেয়াদি বাজেট কাঠামো সংশোধন ও হালনাগাদকরণের নিমিত্ত অর্থ বিভাগ কর্তৃক গত ০৪.০১.২০২১ তারিখে বাজেট পরিপত্র-১ জারি করা হয়। বাজেট পরিপত্র-১ অনুযায়ী আগামী ১৫.০২.২০২১ তারিখের মধ্যে এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানসমূহের বাজেট কাঠামো চুড়ান্ত করে অর্থ বিভাগে প্রেরণ করতে হবে। বাজেট পরিপত্র-১ অনুযায়ী পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের জন্য ২০২১-২২ অর্থবছরে ২৩৭০.০৩ কোটি টাকার বাজেট প্রাক্কলন (প্রকল্প সাহায্য বাবদ ৪.০৩ কোটি) এবং পরবর্তী ২ বছর অর্থাৎ ২০২২-২৩ এবং ২০২৩-২৪ অর্থ বছরের জন্য যথাক্রমে ২৫১২.২৩ কোটি এবং ২৭৬৩.৬৩ কোটি টাকার বাজেট প্রক্ষেপন প্রণয়নের জন্য ব্যয়সীমা এবং রাজস্ব প্রাপ্তির নিমিত্ত ২০২১-২২ অর্থবছরে ১৬.৯৬ কোটি, ২০২২-২৩ অর্থ বছরে ১৮.৬৬ কোটি এবং ২০২৩-২৪ অর্থ বছরে ২০.৫২ কোটি টাকা লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। অর্থ বিভাগের বাজেট পরিপত্রের ৩নং অনুচ্ছেদে উল্লেখ রয়েছে যে, মন্ত্রণালয়/বিভাগ/প্রতিষ্ঠানের প্রাথমিক ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপন প্রণয়নকালে বৈদেশিক সহায়তার পরিমাণ হ্রাস পেলে সম্ভাব্য ব্যয় সীমা সে পরিমাণ কমে যাবে। তবে বৈদেশিক সহায়তা বৃদ্ধি পেলে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/প্রতিষ্ঠানের সম্ভাব্য ব্যয়সীমা সে পরিমাণ বেড়ে যাবে। সভায় উল্লেখ করা হয় যে, বর্তমানে এ বিভাগের আওতায় পল্লী উন্নয়ন একাডেমী(আরডিএ), বগুড়া কর্তৃক Swiss Agency for Development and Cooperation (SDC) এর অর্থায়নের বাস্তবায়নযোগ্য Making Markeets Work for the Chars (M4C) Phase-2 শীর্ষক উন্নয়ন প্রকল্পটি অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন রয়েছে। প্রকল্পটি বাস্তবায়নের বিষয়ে ইতোমধ্যে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সাথে দাতা সংস্থার Memorandum of Understanding (MOU) স্বাক্ষরিত হয়েছে। বর্তমানে প্রকল্পটির ডিপিপি অনুমোদনের বিষয়টি পরিকল্পনা কমিশনের বিবেচনাধীন রয়েছে।

৩.০ সভায় উল্লেখ করা হয় যে, এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/প্রকল্পসমূহের আগামী অর্থ বছরের চাহিদা এবং পরবর্তী ২ বছরের প্রক্ষেপন পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনা করে গত ২৬.০১,২০২১ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের রাজস্ব প্রাপ্তি এবং এ বিভাগের সচিবালয় অংশ ও আওতাধীন দপ্তর/সংস্থার নিম্নরুপ ব্যয়সীমা নির্ধারনের জন্য সুপারিশ করা হয়।

ক) রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রাঃ

(অংকসমুহ লক্ষ টাকায়)

বিবরণ	বাজেট ২০২০-২১	প্রস্তাবিত বাজেট ২০২১-২২	প্রক্ষেপণ ২০২২-২৩	প্রক্ষেপণ ২০২৩-২৪
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (সচিবালয়)	১৬৪.৬৫	১৬৭.৬৩	১৬৯.১৫	১৬৯.৫৭
সমবায় অধিদপ্তর	১৩৭৭.৩৫	১৫২৮.৩৭	১৬৯৬.৮৫	১৮৮২.৪৩
সর্বমোট পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ	১৫৪২.০০	১৬৯৬.০০	১৮৬৬.০০	২০৫২.০০

খ) মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থা/অন্যান্য প্রতিষ্ঠানের ব্যয়সীমা (বিস্তারিত পরিশিষ্ট-খ)

(অংকসমুহ লক্ষ টাকায়)

দপ্তর/সংস্থার নাম	দপ্তর/সংস্থার ব্যয় খাত	২০২০-২১ অর্থবছরের বাজেট	দপ্তর/সংস্থার ব্যয়সীমা		
			প্রাক্কলন	প্রক্ষেপণ	
			২০২১-২২	২০২২-২৩	২০২৩-২৪
১	২	৩	৪	৫	৬
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের মোট ব্যয়সীমা					
সচিবালয়	পরিচালন কার্যক্রম	১৭৭৬.৪৬	২২৯৮.৬০	১৭২৫.১০	১৬৬৩.০০
	উন্নয়ন কার্যক্রম	১২৪৪৩৭.০০	৮৩৬৬২.১৭	১৬২৩৮৬.৭৯	১৯২৯৫২.০৩
	আন্তর্জাতিক প্রতিষ্ঠানের চাঁদা	৬৯.৫০	৭০.০০	৭০.০০	৭০.০০
	উপমোট(সচিবালয়)	**১২৬২৮২.৯৬**	**৮৬০৩০.৭৭**	**১৬৪১৮১.৮৯**	**১৯৪৬৮৫.০৩**
সমবায় অধিদপ্তর	পরিচালন কার্যক্রম	২৮৬৩২.৮৩	৩০০০৩.৯১	৩১৫২৩.৪৮	৩৩৮৮৩.৭৪
	উন্নয়ন কার্যক্রম	৬১৭.০০	০.০০	০.০০	০.০০
	উপমোট(সমবায় অধিদপ্তর)	**২৯২৪৯.৮৩**	**৩০০০৩.৯১**	**৩১৫২৩.৪৮**	**৩৩৮৮৩.৭৪**
বিআরডিবি	পরিচালন কার্যক্রম	২৮২৪৫.৪৮	৩৩১৬৮.০০	৩৫১৪৭.০০	৩৭৭১৯.০০
	উন্নয়ন কার্যক্রম	১০০৬৫.০০	১৬৬৬৩.৮২	৪৭৮০.৬৩	২১২১.২৯
	উপমোট(বিআরডিবি)	**৩৮৩১০.৪৮**	**৪৯৮৩১.৮২**	**৩৯৯২৭.৬৩**	**৩৯৮৪০.২৯**
বার্ড, কুমিল্লা	পরিচালন কার্যক্রম	২৯৫৬.৮৯	৩৩৬৮.৯৬	৩৬৪৮.২১	৪০০৩.২৬
	উন্নয়ন কার্যক্রম	২৪৪০.০০	৪৭১৫.৬০	০.০০	০.০০
	উপমোট(বার্ড)	**৫৩৯৬.৮৯**	**৮০৮৪.৫৬**	**৩৬৪৮.২১**	**৪০০৩.২৬**
আরডিএ, বগুড়া	পরিচালন কার্যক্রম	২৪৬৫.২০	২৬৫২.৭৮	২৬৭৬.০০	২৭৪৮.০০
	উন্নয়ন কার্যক্রম	৭৮০৬.০০	৩৫৩০৫.৭৭	৭০৭১.৭০	০.০০
	উপমোট(আরডিএ)	**১০২৭১.২০**	**৩৭৯৫৮৫৫**	**৯৭৪৭.৭০**	**২৭৪৮.০০**
বাপার্ড	পরিচালন কার্যক্রম	৫৭০.০০	৮৭০.১৪	৯৬৮.২০	১০৭৫.২৬
	উন্নয়ন কার্যক্রম	২৪৫.০০	০.০০	০.০০	০.০০
	উপমোট(বাপার্ড)	**৮১৫.০০**	**৮৭০.১৪**	**৯৬৮.২০**	**১০৭৫.২৬**
সমবায় ফেডারেশন	পরিচালন কার্যক্রম	৯৮.৬৪	১০৪.২০	১১৩.৯৮	১২৭.৪২
	উপমোট (সমবায় ফেডারেশন)	**৯৮.৬৪**	**১০৪.২০**	**১১৩.৯৮**	**১২৭.৪২**
পিডিবিএফ	উন্নয়ন কার্যক্রম	৫১৬১.০০	৩৩৩৭.৫০	১১১১.৯১	০.০০
	উপমোট(পিডিবিএফ)	**৫১৬১.০০**	**৩৩৩৭.৫০**	**১১১১.৯১**	**০.০০**
মিল্কভিটা	উন্নয়ন কার্যক্রম	৮০০১.০০	২০৭৮১.৫৫	০.০০	০.০০
	উপমোট(মিল্কভিটা)	**৮০০১.০০**	**২০৭৮১.৫৫**	**০.০০**	**০.০০**
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ	উপমোট (পরিচালন কার্যক্রম)	৬৪৮১৫.০০	৭২৫৩৬.৫৯	৭৫৮৭১.৯৭	৮১২৮৯.৬৮
	উপমোট (উন্নয়ন কার্যক্রম)	১৫৮৭৭২.০০	১৬৪৪৬৬.৪১	১৭৫৩৫১.০৩	১৯৫০৭৩.৩২
	সর্বমোট(পউসবি)	২২৩৫৮৭০০.০০	২৩৭০০৩.০০	২৫১২২৩.০০	২৭৬৩৬৩.০০

৪.০ গত ২৬.০১.২০২১ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির সুপারিশের পরিপ্রেক্ষিতে এ বিভাগের সচিবালয় অংশ এবং আওতাধীন দপ্তর/সংস্থা/প্রকল্পসমূহের ২০২১-২২ অর্থ বছরের বাজেট প্রাক্কলন এবং ২০২২-২৩ ও ২০২৩-২৪ অর্থ বছরের বাজেট প্রক্ষেপণ অর্থ বিভাগের iBAS++ System এ বিস্তারিত অর্থনৈতিক কোডভিত্তিক এন্ট্রি প্রদান করা হয়েছে, যা সভায় বিষদভাবে পর্যালোচনা করা হয়। সভায় উল্লেখ করা হয় যে, ২০২১-২২ অর্থ বছরের বাজেট প্রাক্কলন এবং ২০২২-২৩ ও ২০২৩-২৪ অর্থ বছরের বাজেট প্রক্ষেপণ অর্থনৈতিক কোডভিত্তিক এন্ট্রি প্রদানের ক্ষেত্রে iBAS++ System এ বেশ কয়েকটি কোড যেমন কর্মকর্তা/কর্মচারীর বেতন কোড, উন্নয়ন প্রকল্পের ক্ষেত্রে ঋণের অর্থ এন্ট্রির জন্য কোড না পাওয়ায় এ সকল কোডের অর্থ অন্য কোডে এন্ট্রি প্রদান করা হয়েছে। এ বিষয়টি ইতোমধ্যে অর্থ বিভাগকে অবহিত করা হয়েছে। সভায় উল্লেখ করা হয় যে, ২০২১-২২ অর্থ বছরের জন্য এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার মোট ১৯ টি উন্নয়ন প্রকল্প সবুজ পাতায় অর্ন্তভুক্তির জন্য সুপারিশ করা হয়েছে। এ সকল অননুমোদিত উন্নয়ন প্রকল্পের জন্য এ বিভাগের সচিবালয় অংশে ৭৫৬৬২.১৭ লক্ষ টাকা থোক বরাদ্দের জন্য সুপারিশ করা হয়েছে।

৫.০ সভায় অনলাইনে অর্থ বিভাগের প্রতিনিধি হিসেবে সংযুক্ত সিনিয়র সহকারী সচিব, বাজেট শাখা-১২ সভায় উল্লেখ করেন যে, অর্থ বিভাগের iBAS++ System এ বিস্তারিত অর্থনৈতিক কোডভিত্তিক বাজেট এন্ট্রির ক্ষেত্রে কিছুটা অস্পষ্টতা রয়েছে। ইতোমধ্যে অর্থ

বিভাগ কর্তৃক কিছু কোডের বিষয়ে স্পষ্টিকরণ করা হয়েছে। তিনি বলেন যে, (ক) সরকারি কর্মকর্তা/কর্মচারী, উন্নয়ন প্রকল্পে প্রেষণে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারী এবং স্বায়ত্বশাসিত/স্থানীয় সরকার প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীর ক্ষেত্রে মূল বেতন অফিসার(৩১১১১০১) এবং মূল বেতন কমচারী (৩১১১২০১) কোডটি প্রযোজ্য হবে (খ) বিভিন্ন আইন/বিধি/পরিপত্র/আদেশে উল্লিখিত প্রিভিলেজ স্টাফ, মিশনে অনুমোদিত লোকাল স্টাফ এবং ইতোপূর্বে সাকুল্য বেতনে উন্নয়ন প্রকল্পে নিয়োগকৃত কর্মকর্তা কর্মচারীর ক্ষেত্রে সাকুল্য বেতন (সরকারী কর্মচারী ব্যতিত) (৩২১১১০৯) কোডটি প্রযোজ্য হবে (গ) আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা,২০১৮ এর আওতায় অর্থ বিভাগের ০১.০১.২০১৯ ও ১০.০৬.২০১৯ তারিখের পরিপত্র, উন্নয়ন প্রকল্প/স্কীমের ক্ষেত্রে অর্থ বিভাগের বাজেট-১১ শাখার ১৮.১২.২০১৯ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০০৫.২০১০-৫০০ সংখ্যক পরিপত্রের আলোকে নিয়োজিত জনবলের জন্য আউটসোর্সিং (৩২১১১৩১) কোডটি প্রযোজ্য হবে। আউটসোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের বিষয়ে অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে এবং (ঘ) দপ্তর/সংস্থার অনিয়মিত শ্রমিক মজুরীর বরাদ্দ এন্ট্রির ক্ষেত্রে ৩২১১১৩৪ কোডটি প্রযোজ্য হবে। অনিয়মিত শ্রমিক নিয়োগের ক্ষেত্রে অর্থ বিভাগের প্রবিধি অনুবিভাগ থেকে শ্রমিকের সংখ্যার অনুমোদন থাকতে হবে এবং দৈনিকভিত্তিক শ্রমিকের মজুরীর হার অর্থ বিভাগের প্রবিধি-৩ অধিশাখার ১২.১০.২০২০ তারিখের ০৭.০০.০০০০.১৭৩.৬৬.০৫৯.১৫ (অংশ-১)-৯৩ সংখ্যক স্মারকটি প্রযোজ্য হবে। অর্থ বিভাগের প্রতিনিধি আরও বলেন যে, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার বাজেট প্রাক্কলন প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, বাপার্ড, গোপালগঞ্জ কর্তৃক ৩২১১১৩৪-শ্রমিক অনিয়মিত মজুরী, বিআরডিবি ও বার্ড, কুমিল্লা কর্তৃক ৩২১১১০৯ সাকুল্য বেতন এবং আরডিএ, বগুড়া কর্তৃক ৩২১১১০৯-সাকুল্য বেতন ও ৩২৫৩১০৩-নিরাপত্তা সেবা কোডসমূহ ব্যবহার করা হয়েছে। এ সকল কোড ব্যবহারের ক্ষেত্রে অর্থ বিভাগের সম্মতি গ্রহণ করা হয়নি। তিনি বলেন যে, ইতোমধ্যে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/ প্রতিষ্ঠানসমূহে আউটসোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগ কিংবা অনিয়মিত শ্রমিক নিয়োগ করা হয়ে থাকলে সে ক্ষেত্রে অর্থ বিভাগের ভূতাপেক্ষ সম্মতি গ্রহণের প্রস্তাব পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের মাধ্যমে অর্থ বিভাগে প্রেরণ করতে হবে।

৬.০ মহাপরিচালক, বিআরডিবি বলেন যে, দৈনিক মজুরীভিত্তিতে ৬৪ জেলার মধ্যে ২০ জেলায় ড্রাইভারদের বেতন বাবদ ব্যয় নির্বাহ করা হয়ে থাকে। ইতোমধ্যে বিআরডিবির ৫০ তম বোর্ড সভার অনুমোদনক্রমে বিআরডিবির জন্য একটি সংশোধিত জনবল কাঠামো অনুমোদনের জন্য পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের মাধ্যমে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। বিআরডিবির প্রস্তাবিত সংশোধিত জনবল কাঠামো অনুমোদিত হলে এ বিষয়টি নিষ্পত্তি হয়ে যাবে।

৭.০ অত:পর সভায় বিস্তারিত আলোচনাক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার বাজেট কাঠামো, এ বিভাগের সচিবালয় অংশ ও আওতাধীন দপ্তর/সংস্থার ২০২১-২২ অর্থ বছরের বাজেট প্রাক্কলন এবং ২০২২-২৩ ও ২০২৩-২৪ অর্থ বছরের বাজেট প্রক্ষেপণ অনুমোদন করা হলো।

খ) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার বাজেট কাঠামো, নির্ধারিত ব্যয়সীমা অনুযায়ী এ বিভাগের সচিবালয় অংশ ও আওতাধীন দপ্তর/সংস্থার বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ (পরিচালন ও উন্নয়ন) অর্থ বিভাগে প্রেরণ করতে হবে।

গ) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন কোন দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানসমূহে আউটসোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগ কিংবা অনিয়মিত শ্রমিক নিয়োগ করা হয়ে থাকলে সে ক্ষেত্রে অর্থ বিভাগের ভূতাপেক্ষ সম্মতি গ্রহণের জন্য জরুরীভিত্তিতে প্রস্তাব এ বিভাগের মাধ্যমে অর্থ বিভাগে প্রেরণ করতে হবে।

৮.০ অত:পর সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় অনলাইনে সংযুক্ত এবং সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/২/২০২১

(মোঃ রেজাউল আহসান)
সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
ও
সভাপতি
বাজেট ব্যবস্থাপনা কমিটি